# সংবাদ

তারিখ 25 DEC 2016
পৃঃ ... কলাম ...



রাজবাড়ী : বালিয়াকান্দির জরাজীর্ণ অলংকারপুর মাধ্যমিক বিদ্যালয় -সংবাদ

## বালিয়াকান্দির অলংকারপুর বিদ্যালয়

# নানা সমস্যায় শিক্ষা কার্যক্রম ব্যাহত

প্রতিনিধি, বালিয়াকান্দি (রাজবাড়ী)

রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার অলংকারপুর মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণী কক্ষ সংকটসহ নানা সমস্যা বিরাজ করছে দীর্ঘদিন ধরে। ফলে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। শিক্ষার্থীদের দাবি শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে জরুরিভাবে নতুন ভবন নির্মাণসহ সমস্যার সমাধান করা প্রয়োজন।

বিদ্যালয়টির অফিস সূত্রে জানা যায়, ১৯৯৩ সালে বালিয়াকান্দি উপজেলার জঙ্গল ইউনিয়নের গড়াই নদীর ধারে নৈসর্গিক পরিবেশে এক একর সাত শতাংশ জমির ওপর বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বিদ্যালয়টিতে ১২ জন শিক্ষক রয়েছে। আর শিক্ষার্থীর সংখ্যা প্রায় চার শতাধিক। বিদ্যালয়টির লেখাপড়ার ম্যানও ভালো। ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় পাসের হার সন্তোষজনক। ২০১৫ সালে জেএসসি পরীক্ষায় পাসের হার ছিল প্রায় শতভাগ।

সরেজমিনে বিদ্যালয়টিতে গিয়ে দেখা যায়, ষষ্ঠ থেকে নবম শ্রেণীর সমাপনী পরীক্ষা চলছিল। শ্রেণী কক্ষ সংকটের কারণে এক রুমে গাদাগাদি করে বসে পরীক্ষা দিচ্ছে। এক বেঞ্চে ৪ জন করে বসেছে শিক্ষার্থী। এছাড়া কক্ষের অভাবে পলিথিন দিয়ে আগলিয়ে রাখা টিন শেড মাটির ঘরে কিছু শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে।

বিদ্যালয়টিতে মোট পাঁচটি কক্ষ রয়েছে। এর মধ্যে একটি অফিস কক্ষ। যেখানে প্রধান শিক্ষকসহ অন্যান্য সহকারী শিক্ষকবৃন্দ বসে। আর চারটি কক্ষে পাঠদান করা হয়। তবে সবগুলো শ্রেণীতে পাঠদান চললে দশটি শ্রেণী কক্ষের প্রয়োজন। শ্রেণী কক্ষের অভাবে অনেক ক্লাস বিদ্যালয়ের সামনে মাঠের মধ্যে নেয়া হয়। বিশেষ করে হিন্দু ধর্ম, নবম শ্রেণীর বিজ্ঞান ক্লাস গুলো খোলা মাঠে হয়। বিদ্যালয়ের দশম শ্রেণীর বিজ্ঞান বিভাগের ছাত্র সাব্বির হোসেন জানান, আমাদের স্কুলে শ্রেণী কক্ষে বর্ষাকালে বৃষ্টি পরে আর রোদ উঠলে গায়ে রোদ লাগে। এভাবেই ষষ্ঠ থেকে দশ শ্রেণী পর্যন্ত পড়ালেখা করে এসেছি। বিদ্যালয়ের আরেক শিক্ষার্থী বন্দনা মণ্ডল জানান, ঝড় বৃষ্টির সময় আমরা নিজেরা ভিজে যায় আবার আমাদের বই খাতাও ভেজে। এ জন্য নতুন বিদ্যালয় ভবনের দরকার।

বিদ্যালয়টির প্রধান শিক্ষক মোঃ মাহবুবুল আলম জানায়, আমাদের বিদ্যালয়ে শ্রেণি কক্ষের সংকট রয়েছে। এজন্য পাঠদানও ব্যহত হয়। নতুন ভবন নির্মাণের জন্য উপজেলা প্রশাসনকে একাধিকবার অবগত করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবুল কালাম আজাদ জানায়, অলংকারপুর মাধ্যমিক বিদ্যালয়ে একাধিক সমস্যা রয়েছে। সমস্যা সমাধানের জন্য উপজেলা চেয়ারম্যানকে সঙ্গে নিয়ে সমাধানের চেষ্টা চলছে।